

যাচাই-বাছাই শেষ প্রার্থী তালিকা আজ

রাবি প্রতিনিধি

১০ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে জমা দেওয়া মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের কার্যক্রম চলে ৮-৯ সেপ্টেম্বর। আজ বুধবার প্রাথমিক প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে। গতকাল মঙ্গলবার এ তথ্য নিশ্চিত করেন নির্বাচন কমিশনার মোস্তফা কামাল আকন্দ।

এর আগে গত রবিবার মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিনে রাকসুর ২৩ পদের বিপরীতে মোট ৩২২টি মনোনয়নপত্র জমা পড়ে। অন্যদিকে হল সংসদের ১৫ পদে ১৭ আবাসিক হলে ৬০৩টি মনোনয়নপত্র জমা পড়ে। এ ছাড়া সিনেটে ছাত্র প্রতিনিধির ৫টি পদের বিপরীতে মনোনয়নপত্র জমা পড়ে ৬২টি। সব মিলিয়ে মনোনয়নপত্র জমা দেওয়া পদপ্রার্থীর মধ্যে ভিপি পদে ২০, জিএস পদে ১৫ এবং এজিএস পদে ১৬ প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

ছাত্র ইউনিয়নের একাংশের প্যানেল ঘোষণা : রাকসু নির্বাচনের আগেই বিভিন্ন রাজনৈতিক সংগঠন প্যানেল ঘোষণা করছে। এর অংশ হিসেবে গতকাল বাংলাদেশ ছাত্র ইউনিয়ন (একাংশ) রাবি সংসদ সমর্থিত ‘অপরাজেয় ৭১-অপ্রতিরোধ্য ২৪’ নামে প্যানেল ঘোষণা করে। ছাত্র ইউনিয়নের সভাপতি মাসুদ কিবরিয়া জানান, কেন্দ্রীয় সংসদের ৮টি পদ এবং সিনেট সদস্য পদে একজন প্রতিদ্বন্দ্বিতা করবেন। ঘোষিত প্যানেলে ভিপি পদে মাসুদ কিবরিয়া, জিএস পদে পরমা পারমিতা ও এজিএস পদে সানজিদ প্রতিদ্বন্দ্বিতা করবেন। সাংস্কৃতিক সম্পাদক পদে মুক্তাদির করিম কুয়াশা, সহকারী বিতর্ক ও সাহিত্য সম্পাদক মেহেদী হাসান, পরিবেশ ও সমাজকল্যাণ সম্পাদক আবু রায়হান জনি, সহকারী পরিবেশ সম্পাদক বিজয় মর্মি এবং কার্যনির্বাহী সদস্য পদে শাহিন শিকদার রয়েছেন। এ ছাড়া সিনেট সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন পরমা পারমিতা।